

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পতাকাবাহীগণ (ৄ৷ المحاب الله

তাবৃক যুদ্ধের প্রধান পতাকা ছিল আবুবকর ছিদ্দীক্ষ (রাঃ)-এর হাতে। দ্বিতীয় প্রধান পতাকাটি ছিল যুবায়ের ইবনুল 'আওয়াম (রাঃ)-এর হাতে। আউসদের পতাকা ছিল উসায়েদ বিন হুযায়ের (রাঃ)-এর হাতে। খাযরাজদের পতাকা ছিল আবু দুজানাহ (রাঃ)-এর হাতে। মতান্তরে হুবাব ইবনুল মুন্যির (রাঃ)-এর হাতে। এছাড়াও আনছারদের অন্যান্য গোত্র এবং আরবদের অন্যান্য দলের পৃথক পৃথক পতাকা ছিল। যেমন যায়েদ বিন ছাবেত (রাঃ) বনু মালেক বিন নাজ্জার-এর এবং মু'আয বিন জাবাল (রাঃ) বনু মাসলামাহ-এর পতাকা বহন করেন। তথ্যগুলি সবই এককভাবে ওয়াক্বেদী বর্ণিত। যিনি পরিত্যক্ত (گَنْدُوك) কিন্তু তাঁর সীরাত গ্রন্থ অগণিত তথ্যাবলী সমৃদ্ধ। সেখান থেকে এই ধরনের তথ্য গ্রহণে কোন ক্ষতি নেই' (সীরাহ ছহীহাহ ২/৫৩২)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5639

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন